

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে এনআরবিসি ব্যাংকের 'তারুণ্যের উৎসব ২০২৫' শীর্ষক কর্মসূচি অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) এনআরবিসি ব্যাংকের 'তারুণ্যের উৎসব ২০২৫' শীর্ষক আর্থিক স্বাক্ষরতা কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। আজ রোববার (২৬ অক্টোবর ২০২৫) বিশ্ববিদ্যালয়ের গোলচত্বরে এনআরবিসি ব্যাংক স্থাপিত স্টলে কর্মসূচির উদ্বোধন করেন নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। এ সময় এনআরবিসি ব্যাংকের পক্ষে উপস্থিত ছিলেন কুমিল্লা অঞ্চলের আঞ্চলিক প্রধান জনাব কাজী মো. জিয়াউল করিম। এছাড়াও কর্মসূচিতে ব্যাংকটির চৌমুহনী, চন্দ্রগঞ্জ, সুবর্ণচর, মাইজদী বাজার, মাইজদী কোর্ট এবং সোনাপুর শাখার ব্যবস্থাপকগণ উপস্থিত ছিলেন। নোবিপ্রবি শিক্ষার্থীদের দেশে-বিদেশে উচ্চশিক্ষায় সহায়তা, উদ্যোক্তা সৃষ্টি, ক্যারিয়ার গাইডলাইন ও ব্যাংকিং সেবা সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে এ বিশেষ কর্মসূচির আয়োজন করে এনআরবিসি ব্যাংক।

উল্লেখ্য, রোববার (২৬ অক্টোবর) থেকে শুরু হওয়া সপ্তাহব্যাপী এ কর্মসূচি চলবে আগামী বৃহস্পতিবার পর্যন্ত। স্টলে শিক্ষার্থীরা বিনামূল্যে অ্যাকাউন্ট খুলতে পারবেন। কোনো ধরনের বাৎসরিক চার্জ ছাড়াই এ অ্যাকাউন্টের বিপরীতে শিক্ষার্থীরা মাল্টিকারেন্সি ডেবিট কার্ড ব্যবহার করতে পারবেন। প্রতিদিন সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত নোবিপ্রবি শিক্ষার্থীরা স্টলে প্রয়োজনীয় আর্থিক সেবা ও পরামর্শ গ্রহণ করতে পারবেন।



ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪